

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা
www.cabinet.gov.bd

০২ শ্রাবণ ১৪২৫

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৮২৬.২২.০০১.১৮.৩৫

তারিখ:-----

১৭ জুলাই ২০১৮

বিষয়: বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ কর্তৃক বাস্তবায়িত ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।

মাঠ পর্যায়ের অফিসসমূহে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের অংশ হিসাবে মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে বিভাগীয় কমিশনারগণের এবং বিভাগীয় কমিশনারগণের সঙ্গে তাঁর আওতাধীন জেলা প্রশাসকগণের স্বাক্ষরিত ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নকাল ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। সেক্ষেত্রে চুক্তিতে উল্লিখিত প্রতিটি কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবে:

(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়সমূহ ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও তার বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রার ক্ষেত্রে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক সংযুক্ত ছক অনুযায়ী স্ব স্ব বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে (সংযোজনী-'ক');

(খ) প্রস্তুতকৃত মূল্যায়ন প্রতিবেদনে স্ব স্ব কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের আওতায় অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;

(গ) প্রতিটি কর্মসম্পাদন সূচকের ক্ষেত্রে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমাণক সংগ্রহ/সংরক্ষণ করতে হবে;

(ঘ) বিভাগীয় কমিশনারগণ বা তাঁর কোন উপযুক্ত প্রতিনিধি তাঁর আওতাধীন জেলাসমূহে বাস্তবায়িত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনসমূহ ক্ষেত্রমত দৈবচয়নের ভিত্তিতে সরেজমিনে যাচাই করে প্রকৃত অর্জনের স্বপক্ষে সরবরাহকৃত প্রমাণক বা তথ্যের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হবেন;

(ঙ) বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বাস্তবায়িত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের স্বপক্ষে সংগৃহীত প্রমাণকসমূহও যথাযথভাবে সংরক্ষণ করতে হবে; এবং

(চ) বিভাগীয় কমিশনারগণের চাহিদা মোতাবেক তাঁর আওতাধীন জেলা প্রশাসক এবং মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক বিভাগীয় কমিশনারগণ ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহের অর্জনের স্বপক্ষে প্রমাণকসমূহ সরবরাহ করবেন।

৩। জেলা প্রশাসকগণ ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন আগামী ২৪ জুলাই ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করবেন।

৪। এমতাবস্থায়, বিভাগীয় কমিশনারগণকে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদনের ০৫ (পাঁচ) কপি আগামী ০৫ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, বিভাগীয় কমিশনারগণ আওতাধীন জেলাসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন নিশ্চিত করবেন এবং নির্ধারিত ছক অনুযায়ী এ সংক্রান্ত একটি সমন্বিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।

সংযুক্তি: বর্ণনামতে দুই পাতা।

Roushan দ্বাৰা
(রওশন আরা লাবনী) ১৭/৭/২০১৮
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৮১০৫০১১০
ই-মেইল: pme_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যোঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল)

.....।

২। জেলা প্রশাসক (সকল)

.....।

সদয় জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। সচিব, সমষ্টি ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ—সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চতুর্ভুক্ত ফল্যায়ন প্রতিবেদন ছক

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কার্যক্রম (Activities)	কলাম-৩ কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কলাম-৪ কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	কলাম-৫ লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)			অর্জন (achievement)	থসড়া ফোর (raw score)	ওয়েটেড থসড়া ফোর (weighted raw score)	
					অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলাত্তি বান			
কৌশলগত উদ্দেশ্য-১	কৌশলগত উদ্দেশ্য-১			১০০%	১০০%	৮০%	৭০%	৬০%			
কৌশলগত উদ্দেশ্য-২											
কৌশলগত উদ্দেশ্য-৩											
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য											
নেট অর্জন (composite score) =											

১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০/১০০

সংযোজনী-খ

বিভাগীয় কমিশনারগণ কর্তৃক তাঁর আওতাধীন জেলাসমূহের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন ফট্টির মজ্যায়ন প্রতিবেদন ছক

বিভাগের নাম:

ক্রমিক	জেলার নাম	কর্মসম্পাদন সূচকের সংখ্যা	২০১৭-১৮ অর্থবছরের আজ্ঞাসমূহ			মেট নথৰ	মতব্য
			অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে

.....

(বিভাগীয় কমিশনারের স্বাক্ষর ও সিল)

জেল কর্মসম্পাদন
১০০/৭/৮